# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- প্রিপ্যারেটরি

## বিষয়- গণিত

### বিষয়-সংক্ষিপ্ত প্রশ্ন

**১। শূন্যস্থান পূরণ করো:-**

**ক)** একাধিক সংখ্যা একত্র করাকে ----- বলে।

**খ)** যোগ অঙ্ক করে যে উত্তর পাই তাকে -------- বলে।

**গ)** ৩+৪+২=------

**ঘ)** ৫টি জবা+৩টি গাঁদা = ৮টি -----।

**২) এক কথায় উত্তর দাও ।**

**ক)** ৯ ও ০ এর যোগফল কত ?

**খ)** একাধিক সংখ্যা একত্র করলে সংখ্যার মান বাড়ে, না কমে ,না একই থাকে ?

**গ)** দুটি দুই এর যোগফল কত ?

**ঘ)** স্থানীয়মানের ছকে নীচে নীচে বসিয়ে যোগ করতে হলে কোন ঘর থেকে যোগ করা শুরু করবে?

**৩) সঠিক উত্তর বেছে লেখো ।**

**ক)** ১০ + ১০ = ৩০/ ২০/ ১০

**খ)** অসমজাতীয় /সমজাতীয় জিনিসদের একত্র করা যায়।

**গ)** ৩ দশক + ২ একক = ২৩/ ২০/ ৩২

**ঘ)** ০ + ৪ + ০ = ০/ ৪ / ৪০

**৪) বামদিকের সাথে ডানদিক মেলাও ।**

| | |
|---|---|
| I) আম , টিয়া, আপেল, পেয়ারা এদের মধ্যে অসমজাতীয় | i)অসমজাতীয় জিনিস |
| ii) ২ টি ৩ একত্র করলে। | ii) একের বেশি |
| iii) ৮টি বই ও ৮টি কলা -এরা | iii) টিয়া |
| iv) একাধিক মানে | iv) ৬ হয় |

**৫) যথাযথ উত্তর দাও । (পূর্ণবাক্যে)**

**ক) ১২, ২১, ৫ -**সংখ্যা তিনটি পাশাপাশি বসিয়ে যোগফল নির্ণয় করো।

**খ)** ৭ – এর সঙ্গে ৭ টি গোলাপ একত্র করা যাবে ? কেন ?

**গ)** ৩ টি আম + ৪ টি আপেল + ৬ টি কলা = কত ?
**ঘ)** ২ টি বাঘ, ৩ টি সিংহ ,, ৫ টি ময়না, ৩ টি হাতি – এদের মধ্যে কাদের একত্র করা যাবে ? কেন?

---

## উত্তর

**১)ক)** একাধিক সংখ্যা একত্র করাকে **যোগ** বলে ।
**খ)** যোগ অঙ্ক করে যে উত্তর পাই তাকে **যোগফল** বলে।
**গ)** ৩ + ৪ + ২ = **৯**
**ঘ)** ৫ টি জবা + ৩ টি গাঁদা = ৮ টি **ফুল।**

**২)ক)** ৯ ও ০ -এর যোগফল **৯ ।**
**খ)** একাধিক সংখ্যা একত্র করলে সংখ্যার মান **বাড়ে ।**
**গ)** দুটি দুই এর যোগফল **৪ । (২+২=৪)**
**ঘ)** স্থানীয়মানের ছকে বসিয়ে যোগ করতে হলে **এককের ঘর** থেকে যোগ করা শুরু করতে হবে?

**৩)ক)** ১০ + ১০ = **২০**
**খ)** **সমজাতীয়** জিনিসদের একত্র করা যায়।
**গ)** ৩ দশক + ২ একক = **৩২**
**ঘ)** ০ +৪ + ০ = **৪**

**৪)**

| **বামদিক** | **ডানদিক** |
|---|---|
| I) আম, টিয়া, আপেল, পেয়ারা- এদের মধ্যে অসমজাতীয় | i) টিয়া |
| ii) দুটি ৩ একত্র করলে। | ii) ৬ হয় |
| iii) ৮ টি বই ও ৮টি কলা। | iii) অসমজাতীয় জিনিস |
| iv) একাধিক মানে | iv) একের বেশী |

**৫)ক)** ১২ +২১ + ৫ = ৩৮

উঃ- যোগফল- ৩৮

**খ)** ৭ -এর সঙ্গে ৭ টি গোলাপ একত্র করা যাবে না। কারণ- ৭- একটি সংখ্যা আর গোলাপ একটি জিনিস (ফুলের নাম)।

**গ)** ৩ টি আম+ ৪টি আপেল+ ৬ টি কলা = ১৩ টি ফল।

**ঘ)** ২ টি বাঘ, ৩ টি সিংহ, ৫ টি ময়না, ৩ টি হাতি- এদের মধ্যে ২টি বাঘ, ৩ টি সিংহ ও ৩ টি হাতি – এদের একত্র করা যাবে।

কারণ - এরা সমজাতীয় ( পশু শ্রেণীর)।

SRAI

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**